

১০. “প্রিয়ার সন্ধান”

সেই পথ,সেই পুকুর পাড়,সেই দেবদারু গাছ
সেই মন্দিরের বেদী-যেখানে রচিত হয়েছিল;
তোমার-আমার প্রেমের পৃথিবী।
দু'যুগ পেরিয়ে গেলো আসা হয়ে উঠে না
আমার হারানো প্রিয়ার ছুঁয়াঁ পেতে;
আমার একান্ত পৃথিবীতে।
আজ ভর মৌসুম তাই স্বপ্নের চাষের
সুধা গন্ধ পেতে আবার দাঁড়ালাম আমি;
ফাগুন প্রকৃতির সাক্ষাতে।
মোর প্রিয়া আজ এখানে নেই
সে চলে গেছে তার স্বামীর ঘরে
কিন্তু প্রকৃতি সবই সাক্ষী।
তারা আজও আমায় চিনে স্বরম্বরে
পথ,পুকুর পাড়,মন্দিরের বেদী এরা সবাই;
আমার প্রেমের সাক্ষী।
প্রকৃতির উওরে আমি হতবাক সে বলল
হে উদ্ধান্ত প্রেমিক
আগামী তোমার অপেক্ষায়;
দেখা হবে আবার।
অনাগত কালের প্রেমিক-প্রেমিকাদের
প্রকৃত স্বাক্ষী তো এ প্রকৃতিই;
সবাই আসে তাই প্রিয়ার সন্ধান।